পরিশিষ্ট-ক ৭৪

পরিশিষ্ট -৩৪

# রাজশাহী বিশ্ববিদ্যালয়
## টিএ ও ডিএ সংক্রান্ত নীতিমালা-২০২৫

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষকগণ নিজ গবেষণা কর্মের সাথে সম্পর্কিত সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/কর্মশালা/প্রদর্শনী/জাতীয় পর্যায়ে বিষয়ভিত্তিক ও অন্যান্য সমজাতীয় কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য নিম্নেবর্ণিত শর্তে এক অর্থবছরে দেশের অভ্যন্তরে ২ (দুই) বার কর্তব্য ছুটিসহ প্রচলিত নিয়মে টিএ ও ডিএ প্রাপ্য হবেন।

১. উপর্যুক্ত কার্যক্রমে অংশগ্রহণের পূর্বেই কর্তব্য ছুটির আবেদন করতে হবে এবং কর্তব্য ছুটিপ্রাপ্তি সাপেক্ষে টিএ ও ডিএ প্রাপ্য হবেন।

২. নিজ নামে আমন্ত্রণ পত্র/ই-মেইল/ফ্যাক্স থাকতে হবে। তবে, বিষয়ভিত্তিক সমিতির কার্যক্রমের সাধারণ আমন্ত্রণপত্র হলে সেটিতে বিভাগীয় সভাপতির সুপারিশ থাকতে হবে এবং সমিতির আমন্ত্রণে অংশগ্রহণে ইচ্ছুক বিভাগীয় শিক্ষক সংখ্যার উল্লেখ থাকতে হবে। ক্লাশ চলাকালিন একই বিভাগ/ইনস্টিটিউট থেকে সর্বোচ্চ শতকরা ৫০ ভাগ শিক্ষক একই সময়ে নিজস্ব বিষয়ভিত্তিক সমিতির কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবেন। তবে, ছুটিকালিন এই শর্তটি শিথিল করা যেতে পারে।

৩. নিজস্ব বিষয়ভিত্তিক সমিতির কার্যক্রমে অংশগ্রহণ ব্যতিত অন্যান্য কার্যক্রমে ক্লাশ চলাকালিন একই বিভাগ/ইনস্টিটিউট থেকে সর্বোচ্চ এক-তৃতীয়াংশ শিক্ষক একই সময়ে অংশগ্রহণ করতে পারবেন। তবে, ছুটিকালিন এই শর্তটি শিথিল করা যেতে পারে।

৪. সমিতি/কনফারেন্স/সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/জাতীয় নির্বাহী কমিটি-এর কার্যনির্বাহী পরিষদের সদস্য হিসেবে মূল ইভেন্টে অংশগ্রহণসহ দায়িত্ব পালন/টেকনিক্যাল সেশনের দায়িত্ব পালন/প্রবন্ধ উপস্থাপন বা পোষ্টার প্রদর্শন/মূল প্রবন্ধ উপস্থাপন/মূখ্যবক্তা/আমন্ত্রিত বক্তা/উপস্থাপিত প্রবন্ধের করস্পন্ডিং অথর হিসেবে দায়িত্ব পালন করতে হবে।

৫. নিজস্ব বিষয়ভিত্তিক সমিতির কার্যক্রমে অংশগ্রহণ ব্যতিত অন্যান্য কার্যক্রমে শুধুমাত্র অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ ও ডিএ প্রাপ্য হবেন না।

৬. সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/সংশ্লিষ্ট জাতীয় কার্যক্রমে অংশগ্রহণের জন্য কোনো টিএ ও ডিএ প্রদান করা হয়নি বা হবে না মর্মে আবেদনপত্রে উল্লেখ থাকতে হবে।

৭. দেশে অনুষ্ঠিত সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/কর্মশালা/প্রদর্শনী/সংশ্লিষ্ট জাতীয় কার্যক্রমে অংশগ্রহণের জন্য সর্বোচ্চ ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা রেজিস্ট্রেশন ফি প্রাপ্য হবেন। টিএ ও ডিএ প্রাপ্তির আবেদনের সময় অবশ্যই রেজিস্ট্রেশন ফি প্রদানের মূল রশিদ সংযুক্ত করতে হবে।

৮. শিক্ষকদের ক্ষেত্রে সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/কর্মশালায় অংশগ্রহণের ক্ষেত্রে টিএ ও ডিএ প্রাপ্তির জন্য-
   (ক) আবেদনপত্রে বিভাগীয় সভাপতির ~~ও সংশ্লিষ্ট ডীনের~~ সুপারিশ থাকতে হবে;
   (খ) আবেদনের সাথে অংশগ্রহণের আমন্ত্রণপত্রের কপি, ছুটি মঞ্জুরের কপি ও প্রত্যয়নপত্র থাকতে হবে।

৯. মাস্টার্স/এমফিল/পিএইচডি'র শিক্ষার্থী/গবেষকবৃন্দ রাজশাহীর বাইরে কোনো কনফারেন্সে প্রবন্ধ উপস্থাপন (Oral Presentation) করলে বিভাগীয় সভাপতি এবং সুপারভাইজারের সুপারিশক্রমে অর্থবছরে ১(এক) বার এককালিন ৩,০০০/-(তিন হাজার) টাকা প্রণোদনা প্রাপ্য হবেন। শিক্ষার্থীদের প্রবন্ধ উপস্থাপনের প্রত্যয়নপত্র থাকতে হবে।

১০. এই নীতিমালা কার্যকর হওয়ার সাথে পূর্বের বিধিসমূহ রহিত/বাতিল বলে গণ্য হবে এবং উপরোল্লিখিত বিধিসমূহ ১ জুলাই, ২০২৪ তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে।

চলমান পাতা/২

পরিশিষ্ট-খ



# রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের বিদেশে গবেষণা সম্মেলন/ওয়ার্কশপ/ট্রেনিং-এ যোগদানের নিমিত্তে এককালিন আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত নীতিমালা-২০২৫

(১) বিদেশে সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/কর্মশালায় বিষয়ভিত্তিক কার্যক্রমে অংশগ্রহণ করার জন্য নিম্নেবর্ণিত হারে এককালিন আর্থিক অনুদান প্রাপ্য হবেন।

| দেশের নাম | পরিমাণ |
|---|---|
| ভারত | ২৫,০০০/- |
| মালদ্বীপ/ভূটান/নেপাল/শ্রীলংকা | ৩০,০০০/- |
| পৃথিবীর অন্যান্য দেশ | ৫০,০০০/- |

(২) বিদেশে সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/কর্মশালায় বিষয়ভিত্তিক কার্যক্রমে Keynote Speaker/Invited Speaker/Oral Presenting Author হিসেবে অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন ফি সর্বোচ্চ ৩০০ ইউএসডি'র বেশি প্রাপ্য হবেন না। আর্থিক অনুদান প্রাপ্তির আবেদনের সময় রেজিস্ট্রেশন ফি প্রদানের মূল রশিদ জমা দিতে হবে।

(৩) সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স/কর্মশালায় বিষয়ভিত্তিক কার্যক্রমে অংশগ্রহণের ক্ষেত্রে আর্থিক অনুদান প্রাপ্তির জন্য-

(ক) আবেদনপত্রে বিভাগীয় সভাপতি ও সংশ্লিষ্ট ডীনের সুপারিশ থাকতে হবে;

(খ) আবেদনের সাথে অংশগ্রহণের আমন্ত্রণপত্রের কপি, ছুটি মঞ্জুরের কপি ও প্রত্যয়নপত্র থাকতে হবে।

(৪) উপরোল্লিখিত আর্থিক অনুদানসমূহ এক অর্থবছরে শুধুমাত্র ১(এক) বার প্রাপ্য হবেন।

(৫) এই নীতিমালা কার্যকর হওয়ার সাথে পূর্বের বিধিসমূহ রহিত/বাতিল বলে গণ্য হবে এবং উপরোল্লিখিত বিধিসমূহ ১ জুলাই, ২০২৪ তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে।

২৮/৫/২৫

চলমান পাতা/৩

পরিশিষ্ট-গ

৭২

## রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/শিক্ষার্থীদের গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য ব্যয় (Article Processing Charge, APC) ও এতদ্‌সংক্রান্ত প্রণোদনা নীতিমালা-২০২৫

১. রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদেরকে গবেষণায় উৎসাহ প্রদান এবং তাদের গবেষণার মানোন্নয়নের লক্ষ্যে গবেষণা প্রবন্ধ প্রকাশের জন্য শিক্ষকদের Article Processing Charge (APC) বাবদ অর্থ নিম্নের শর্ত পূরণ সাপেক্ষে প্রদানের সুপারিশ করা হলো-

Scopus/Scimago/Web of Science/Clarivate/Journal Citation Report কর্তৃক মূল্যায়িত Q1 জার্নালে প্রকাশিত হলে APC বাবদ একই অর্থবছরে সর্বোচ্চ ১(এক) বার Corresponding Author হিসেবে সর্বোচ্চ ৫০০ ইউএসডি পর্যন্ত প্রাপ্য হবেন।

২. আন্তর্জাতিক Journal-এ প্রকাশনার জন্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদেরকে নিম্নেবর্ণিত হারে আর্থিক প্রণোদনা প্রদান করা হবে-

(i) Q1 Journal-এ প্রতিটি গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য করসপনডিং অথর ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রণোদনা প্রাপ্য হবেন।

(ii) Q2 Journal-এ প্রতিটি গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য করসপনডিং অথর ২০,০০০/- (বিশ হাজার) টাকা প্রণোদনা প্রাপ্য হবেন ।

(iii) Q3 Journal-এ প্রতিটি গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য করসপনডিং অথর ১৫,০০০/- (পনেরো হাজার) টাকা প্রণোদনা প্রাপ্য হবেন

(iv) Q4 Journal-এ প্রতিটি গবেষণা প্রবন্ধ প্রকাশনার জন্য করসপনডিং অথর ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রণোদনা প্রাপ্য হবেন।

তবে, একজন শিক্ষক একই অর্থবছরে ৫(পাঁচ)টির বেশি প্রবন্ধের জন্য প্রণোদনা প্রাপ্য হবেন না।

৩. প্রকাশনা ব্যয় ও আর্থিক প্রণোদনা প্রাপ্তির জন্য করসপন্ডিং অথর বিভাগীয় একাডেমিক কমিটি ও ডীনের সুপারিশসহ আবেদন (প্রকাশনার কপিসহ) রেজিস্ট্রার দপ্তরে প্রেরণ করবেন।

৪. এই নীতিমালা কার্যকর হওয়ার সাথে পূর্বের বিধিসমূহ রহিত/বাতিল বলে গণ্য হবে এবং উপরোল্লিখিত বিধিসমূহ ১ জুলাই, ২০২৪ তারিখ থেকে কার্যকর বলে গণ্য হবে।

১৮.০৫.২০২৫

(প্রফেসর ড. মোহাঃ ফরিদ উদ্দীন খান)
উপ-উপাচার্য (একাডেমিক)
ও
সভাপতি, সংশ্লিষ্ট কমিটি, রাবি

২৮/০৫/২০২৫
(প্রফেসর ড. মো. হাসনাত কবীর)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি, রাবি

(প্রফেসর ড. মো. মাহবুবর রহমান) ১৮.৫.২০২৫
প্রক্টর
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি, রাবি

(প্রফেসর ড. মো. আখতার হোসেন মজুমদার)
প্রশাসক, জনসংযোগ দপ্তর
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি, রাবি

(প্রফেসর ড. মোহাম্মদ নির্ঝর রহমান)
হিসাব পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি, রাবি

(প্রফেসর ড. মো. ফরিদুল ইসলাম)
মার্কেটিং বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি, রাবি

(প্রফেসর ড. মো. তারিকুল ইসলাম)
ফিশারীজ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি, রাবি

(মো. আকতার হোসেন)
উপ-রেজিস্ট্রার, একাডেমিক শাখা-২
ও
সদস-সচিব, সংশ্লিষ্ট কমিটি, রাবি